দৈনিক যুগান্তর

তারিখ 19 MAR 2008
পৃষ্ঠা 2 কলাম 7

# অস্ট্রেলিয়া প্রতি বছর ৮০ জন বাংলাদেশীকে শিক্ষা বৃত্তি দিয়ে থাকে

## শিক্ষামেলা উদ্বোধন শেষে ডগলাস ফসকেট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

অস্ট্রেলিয়ান হাইকমিশনার এইচ ই ডগলাস ফসকেট বলেছেন, অস্ট্রেলিয়া প্রতি বছর ৮০ জন বাংলাদেশী শিক্ষার্থীকে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য বৃত্তি দিয়ে থাকে। তারা সেখান থেকে পড়াশোনা শেষে দেশে ফিরে স্ব-স্ব ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বর্তমানে প্রায় পাঁচ হাজারেরও অধিক বাংলাদেশী শিক্ষার্থী সেখানে অধ্যয়ন করছে। অস্ট্রেলিয়ার শিক্ষার মান আন্তর্জাতিক এবং শিক্ষার্থীদের কাছে জনপ্রিয় হওয়ায় বিশ্বের প্রায় ১৪০টি দেশের ২ লাখের বেশি শিক্ষার্থী অস্ট্রেলিয়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করছে।

মঙ্গলবার সকালে শেরাটন হোটেলে অস্ট্রেলিয়া শিক্ষামেলা-২০০৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মেলার আয়োজন করে যৌথভাবে অস্ট্রেলিয়ান হাইকমিশন ও অস্ট্রেলিয়ান এডুকেশন সেন্টার। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিনহাজ চৌধুরী, মোস্তাফিজুর রহমান, শরিফ রহমান প্রমুখ।